

## রাসূলুল্লাহ (ছাঃ)-এর মাক্কী জীবন - শৈশব

থেকে নবুঅত (من الطفولية الى النبوة)

নবী জীবনকে আমরা প্রধান দু'টি ভাগে ভাগ করে  
নেব- মাক্কী জীবন ও মাদানী জীবন। মক্কায় তাঁর  
জন্ম, বৃদ্ধি ও নবুঅত লাভ এবং মদীনায় তাঁর  
হিজরত, ইসলামের বাস্তবায়ন ও ওফাত লাভ।

আরবের মরুদুলাল শেষনবী মুহাম্মাদ (ছাল্লাল্লাহু  
'আলাইহে ওয়া সাল্লাম) হেজাযের মক্কা নগরীতে  
জন্মগ্রহণ করেন ও সেখানে জীবনের ৫৩টি বছর  
কাটান। যার মধ্যে ১৩ বছর ছিল নবুঅতী জীবন।  
অতঃপর তিনি মদীনায় হিজরত করেন ও সেখানে  
জীবনের বাকী ১০ বছর কাটান। অতঃপর সেখানেই

৬৩ বছর বয়সে মৃত্যুবরণ করেন।[১] এক্ষণে  
আমরা তাঁর বংশ পরিচয় ও জীবন বৃত্তান্ত পেশ  
করব।

[১]. বুখারী হা/৩৯০২; মুসলিম হা/২৩৫১; মিশকাত হা/৫৮৩৭ 'অহীর সূচনা'  
অনুচ্ছেদ।